

এমিরেটসের ব্র্যান্ড ভ্যালু ২০২৪ সালে দ্বিগুন বেড়ে ৮.৪ বিলিয়ন মার্কিন ডলার

- A Monitor Desk Report

Date: 14 May, 2025



দুবাইঃ আন্তর্জাতিক সংস্থা ব্র্যান্ড ফিন্যান্সের হিসেব অনুযায়ী ২০২৪ সালে এমিরেটসের ব্র্যান্ড ভ্যালু পূর্ববর্তী বছরের তুলনায় ২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮.৪ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। এর কারণ হিসেবে সংস্থাটি বিশ্বব্যাপী আকাশ ভ্রমণকারীদের মধ্যে প্রিমিয়াম অভিজ্ঞতা অর্জনের ক্রমবর্ধমান প্রবনতাকে উল্লেখ করেছে।

সর্বশেষ র‌্যাংকিং অনুযায়ী এমিরেটস বর্তমানে বিশ্বের শীর্ষস্থানীয় সবচেয়ে মূল্যবান এয়ারলাইন ব্র্যান্ডের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে এবং একই সঙ্গে এয়ারলাইনটি যুক্তরাষ্ট্রের বাইরে এবং মধ্যপ্রাচ্যে সবচেয়ে মূল্যবান এয়ারলাইন ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

এমিরেটসের এই অনন্য অর্জন সম্প্রতি বিজনেস ট্রাভেলার মিডল ইস্ট ২০২৫ এওয়ার্ডসে আবারো স্বীকৃত হলো। এই অনুষ্ঠানে এই নিয়ে টানা বিশবার ‘বিশ্বের সেরা এয়ারলাইন’ এর সম্মাননা লাভ করলো এমিরেটস। এছাড়াও, ‘সেরা প্রথম শ্রেণী’, ‘সেরা ইকোনমি শ্রেণী’ এবং ‘মধ্যপ্রাচ্যের সেরা এয়ারপোর্ট লাউঞ্জ’ এর স্বীকৃতিও পেয়েছে এয়ারলাইনটি।

এমিরেটসের সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট (কমার্শিয়াল অপারেশন) এবং ডিভিশনাল ভাইস-প্রেসিডেন্ট (স্কাইওয়ার্ডস) এয়ারলাইনটির পক্ষ থেকে পুরস্কারগুলো গ্রহণ করেন।

-N